

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
ঢাকা

নং-এডি-পিএন্ডও-১০০২/৩৩২

তারিখঃ ২৭ মার্চ ২০১৭


প্রেরক : মৌমিতা জীনাত
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)

প্রাপক : জনাব মোঃ মোরশেদুর রহমান তালুকদার
সহকারী সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নির্দেশিত হয়ে আগামী ০১ থেকে ২৩ এপ্রিল ২০১৭ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতিত) ত্বরক্বে অনুষ্ঠিতব্য “23rd International Junior Diplomats Training Program”- শীর্ষক প্রশিক্ষণ-এ আপনার অংশগ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেষণ মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত প্রেষণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) প্রেষণের সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে। আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না।
- খ) যাতায়াতের বিমান ভাড়াসহ যাবতীয় ব্যয় প্রশিক্ষণ আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে।
- গ) বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশ অবস্থান করতে পারবেন না।
- ঘ) প্রশিক্ষণ সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর লব্ধ প্রশিক্ষণের সাথে সামঞ্জস্যপূর্ণ পদে আপনাকে পদায়িত করা হবে এবং অন্যান্য দুই বছর আপনাকে সে পদে স্থিত রাখা হবে।
- ঙ) প্রশিক্ষণ সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর পুনরায় বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনয়ন প্রাপ্তির পূর্বে আপনাকে দেড় বছর মেয়াদের চাকরি পূরণ করতে হবে, তবে শুধু ডক্টরেট এবং পোস্ট ডক্টরেট রিসার্চের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।
- চ) প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা শেষে দেশে ফিরে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- ছ) উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনি আগামী ০১ এপ্রিল ২০১৭ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং কোর্স শেষে ২৩ এপ্রিল ২০১৭ তারিখ বা তার নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হবেন।
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মৌমিতা জীনাত)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৫৫৩২০

নং-এডি-পিএন্ডও-১০০২/৩৩২

তারিখঃ ২৭ মার্চ ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/সাধারণ সেবা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [মন্ত্রণালয়ের website-এ প্রকাশের অনুরোধসহ]
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা [ফ্যাক্সঃ ৮৯০১৫৪৪]।
- ০৭। বাংলাদেশ দূতাবাস, আংকারা।
- ০৮। বাংলাদেশ কনসুলেট জেনারেল, ইস্তাম্বুল।
- ০৯। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


(মৌমিতা জীনাত)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৫৫৩২০